## বড়াইগ্রাম উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আনোয়ার পারভেজ, উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
স্থান : উপজেলা কমপ্লেক্স সম্মেলন কক্ষ, বড়াইগ্রাম।
তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

উপস্থিত তালিকা ঃ পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

সভার আলোচনা এবং সিদ্ধান্ত ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২.১ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য | এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় কৃষি সম্প্রসারন অফিসার জনাব রাজীব হোসাইন বলেন যে, ওয়েব পোর্টাল হালনাগাদকরণে কর্মকর্তা এবং কর্মচারীর সমম্বয়ে ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রয়োজন। অন্যান্য উপস্থিত কর্মকর্তাগণও একমত পোষণ করেন। | প্রতিটি দপ্তরের প্রধানগণ ও কর্মচারীর সমম্বয়ে ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.২ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি মহোদয় বলেন যে, একসেবায় আয় বিষয়ক তথ্য নিয়মিতভাবে বাধ্যতামুলক আপলোড করতে হবে এবং উদ্যোক্তাগণ তথ্য আপলোড করছেন কিনা তার তদারকি করতে হবে। | উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য একসেবায় আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ |
| ২.৩ | ই-নথি কার্যক্রম | ই-নথির কার্যক্রম বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, ৭টি দপ্তরে ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে। সেই দপ্তরগুলি নিয়মিত ই-নথি কার্যক্রম করছেন কিনা। উত্তরে অফিসারগণ ই-নথি কার্যক্রমের বিষয়ে ৩দিন ব্যাপি প্রশিক্ষণের প্রয়োজনীয়তার কথা বলেন। | উপজেলার ৭টি দপ্তরে ই-নথি কার্যক্রম চালু আছে। অন্যান্য দপ্তরে ই-নথি কার্যক্রম চালু করতে হবে। ই-নথি বিষয়ক ৩দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.৪ | উপজেলা ডিজিটাল সেন্টারের নিরাপত্তা বিষয়ক | উপজেলা ডিজিটাল সেন্টারে ১টি ল্যাপটপ ও ১টি মনিটর চুরি হয়েছে। তাই এর নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। | উপজেলা ডিজিটাল সেন্টার এর নিরাপত্তার জন্য আরো ১টি জানালার গ্রীল লাগাতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২.৫ | উপজেলা উদ্যোক্তাদের তথ্য | ১ নং জোয়াড়ী ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ একরামুল আলম,মোছাঃ বিলকিস খাতুন<br>২ নং বড়াইগ্রাম ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ জিয়াউর রহমান, নীলা চৌধুরী<br>৩ নং জোনাইল ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ রুবেল ইসলাম, শিমুল খাতুন<br>৪ নং নগর ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ জুবাইর আলী,মোছাঃ পারভীন<br>৫ নং মাঝগাঁও ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ শামীমুল ইসলাম, আকলিমা খাতুন<br>৬ নং গোপালপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মোঃ তরিকুল ইসলাম, শাহানারা খাতুন<br>৭ নং চান্দাই ইউনিয়ন ডিজিটাল সেন্টার:<br>মনিরুজ্জামান,মোছাঃ সাদিয়া সুলতানা | ইউডিসি উদ্যোক্তাগণ তাদের ইউডিসির কার্যক্রম সঠিকভাবে পরিচালনা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করছেন কিনা সহকারী প্রোগ্রামারকে সে সম্পর্কে প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসারের নিকট একটি প্রতিবেদন দাখিল করার জন্য বলা হয়। পরবর্তী সভায় উদ্যোক্তাদের উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা নির্বাহী অফিসার / চেয়ারম্যান, উপজেলা পরিষদ / উপজেলা সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |
| ২.৬ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ১৭ টি শিক্ষা | পরিদর্শন চলমান রয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে | উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রধান এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকদের ল্যাব শিক্ষা প্রদানে অনাগ্রহ রয়েছে। সভাপতি বলেন যে, যেসকল ল্যাবের অবস্থা অসন্তোষজনক সেই সকল শিক্ষাপ্রতিষ্ঠানে চিঠি প্রেরণ করতে হবে। | হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রধান এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকদের ল্যাব শিক্ষা প্রদানে আগ্রহ তৈরি করতে হবে। অচল ল্যাবের বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.৭ | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরি সম্পন্ন হয়নি। যেগুলিতে তৈরী হয়েছে সেখানেও কার্যক্রম সন্তোষজনক নয়। সভায় সভাপতি মহোদয় বলেন যে, ওয়েব সাইট দেখভাল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে চিঠি দিন। | ০১ (এক) মাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে তথ্যবহুল ওয়েব সাইট তৈরী করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.৮ | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকমন্ডলীদের মাল্টিমিডিয়া ক্লাস ব্যবহার বৃদ্ধি করতে হবে। যদি কোন ডিভাইস নষ্ট থাকে তাহলে নিজ দায়িত্বে ঠিক করে নিতে হবে। | নিজস্ব তৈরী কনটেন্ট এর মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ২.৯ | কল সেন্টার (৩৩৩,৯৯৯, ১০৪,১০৬) | সভায় সভাপতি মহোদয় বলেন যে, উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কল সেন্টারসমূহের সুবিধার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারণা চালাতে হবে। এজন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ফটকে সাইনবোর্ড স্থাপন করতে হবে। | কলসেন্টার গুলো ব্যবহার বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারনা চালাতে হবে। এ জন্য শিক্ষকমন্ডলী ও সকল অফিস প্রধানদের অগ্রনী ভূমিকা পালন করতে হবে। | সকলঅফিসার |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৪/৯/১৯

(মো: আনোয়ার পারভেজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম, নাটোর।
ফোন ঃ ০৭৭২৩-৫৬০২৩
ই-মেইলঃ unobaraigram@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৬৯১৫.০০০.০৬.০০৯.১৯-০১ তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩ জেলা প্রশাসক, নাটোর।
৪. প্রোগ্রামার, নাটোর।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৬. উপজেলা ...................................... অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৭. চেয়ারম্যান ...................................... ইউনিয়ন পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৮. জনাব ............................................................ বড়াইগ্রাম, নাটোর।
৯. অফিস নথি।

২৪/৯/১৯

(আব্দুর রহমান আনসারী)
উপজেলা সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম,নাটোর।
ই-মেইলঃ ansarydoict@gmail.com